

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-২ শাখা



সুরক্ষা সেবা বিভাগের নথি বিনষ্টকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব ও সভাপতি নথি বিনষ্টকরণ কমিটি
সভার তারিখ	২৮/০৬/২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	কক্ষ নম্বর ৩০৯, ৪র্থ তলা, সুরক্ষা সেবা বিভাগ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যগণের হাজিরা তালিকা পরিশিষ্ট 'ক'

২.০ সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়। সদস্য সচিব সভায় জানান যে, সুরক্ষা সেবা বিভাগের বিনষ্টযোগ্য নথিসমূহ বিনষ্টকরণের জন্য গঠিত কার্যক্রম পরিচালনার নিমিত্ত দপ্তর/অনুবিভাগ, অধিশাখা ও শাখার বিনষ্টযোগ্য নথির তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগের কার-২ শাখা থেকে ৮২টি, কারা-১ শাখা থেকে ৭৯টি, প্রশাসন-২ শাখা থেকে ২৫টি, বহিরাগমন-৩ শাখা থেকে ১২৯টি, মাদক-১ শাখা হতে ১০টি বহিরাগমন-৪ শাখা থেকে ০৯টি, বহিরাগমন-৫ শাখা থেকে ২৮টি, বহিরাগমন-২ থেকে ১৬টি, বহিরাগমন-১ শাখা থেকে ৬৩টি এবং অগ্নি-১ শাখা হতে ২১টিসহ সর্বমোট-৪৬২টি (গ ও ঘ শ্রেণির) বিনষ্টযোগ্য নথিসহ তালিকা পাওয়া গেছে (তালিকা-পরিশিষ্ট-'খ') এমতাবস্থায়, বিনষ্টযোগ্য নথিসমূহ বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৩.০ বিস্তারিত পর্যালোচনা শেষে অগ্নি-১ শাখা হতে প্রাপ্ত ২১টি নথির মধ্যে নথি নম্বর স্ব: ম: অগ্নি-ই-৬/৯৫ (এফএসসিডি'র সহকারী পরিচালক পদে পদোন্নতি), স্ব: ম: (অগ্নি) এম-০৫/০৭ (চট্টগ্রামে সংগঠিত অগ্নিকান্ডের প্রতিবেদন) এবং স্ব: ম: (অগ্নি) ই-০৬/২০০০ এফএসসিডি'র লোক নিয়োগের জেলা কোটা রহিতকরণ) নথি ০৩টিসহ প্রাপ্ত অন্যান্য নথিসমূহ অধিকতর যাচাই-বাছাইপূর্বক মতামতসহ আগামীতে সভা আহ্বান করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব ও সভাপতি নথি বিনষ্টকরণ
কমিটি

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৩.০৭.০০৪.২০.৩৪১

তারিখ: ২৬ আষাঢ়, ১৪২৮

১০ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব----- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২) যুগ্মসচিব ----- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৪) উপসচিব----- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬) সিনিয়র সহকারী সচিব/সচিবের একান্ত সচিব ----- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



মোঃ আবুল কালাম তালুকদার
উপসচিব